

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৩.০১.০০৭.১৩-.২৪৮

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬

৩০ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: তুলা উন্নয়ন বোর্ডের “তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫” এর ২.১ এর ‘ক’ স্ব-প্রনোদিত তথ্য অংশটুকু হালনাগাদকরণ প্রসঙ্গে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর অন্তর্ভুক্ত “স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ (৪.৩)” শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য তুলা উন্নয়ন বোর্ডের “তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫” এর ২.১ এর ‘ক’ স্ব-প্রনোদিত তথ্য অংশটুকু নিম্নরূপ হালনাগাদ করা হলো-

(ক) স্ব-প্রনোদিত তথ্য- তথ্যগুলো তথ্য অধিকার আইন অনুযায়ী স্ব-প্রনোদিত ভাবে তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে (www.cdb.gov.bd) প্রকাশিত থাকবে। যদি চাহিদা অনুযায়ী কোন তথ্য তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে পাওয়া না যায় তাহলে, তথ্য চাহিদাকারী/চাহিদাকারীগণ তুলা উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয় (তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা) তথ্য কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিত ভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যমে বা ই-মেইল আবেদন করতে পারবেন। উল্লেখ্য, ওয়েবসাইটে প্রকাশিত তথ্য ও আবেদনের ভিত্তিতে প্রদানযোগ্য হবে।

স্ব-প্রনোদিত তথ্য:

১. তুলা উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোর বিবরণ।
২. তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তর, আঞ্চলিক কার্যালয়, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয় এবং খামারসমূহের সকল কার্যক্রম
৩. সকল প্রকাশিত প্রতিবেদন
৪. কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য
৫. তুলা উন্নয়ন বোর্ডের নিয়োগবিধি, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়েল
৬. নির্বাহী পরিচালক, অন্যান্য অফিস প্রধানদের নাম ও যোগাযোগের ঠিকানা
৭. দায়িত্বরত কর্মকর্তাগণের নাম, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ঠিকানা
৮. সকল প্রকার প্রকল্পের আর্থিক ও কারিগরি প্রতিবেদনসমূহ
৯. তুলা উন্নয়ন বোর্ডের সকল প্রকার বিজ্ঞপ্তি/টেন্ডার বিজ্ঞপ্তি
১০. প্রকল্প সংক্রান্ত তথ্যাদি
১১. নাগরিক সনদ
১২. তুলা উন্নয়ন বোর্ডের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসমূহ
১৩. তুলা উন্নয়ন বোর্ডের উদ্ভাবন পরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি
১৪. তুলা উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত তথ্যাদি

৩০-৯-২০১৯

ড. মোঃ ফরিদ উদ্দিন
নির্বাহী পরিচালক

বিতরণ :


- ১) উপপরিচালক, ঢাকা/রংপুর/যশোর/চট্টগ্রাম
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তার দপ্তর, তুলা গবেষণা কেন্দ্র, তুলা উন্নয়ন বোর্ড, মাহিগঞ্জ, রংপুর
- ৩) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/বগুড়া/ঠাকুরগাঁও।/যশোর/চুয়াডাঙ্গা/কুষ্টিয়া/ঝিনাইদহ/খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান।/রংপুর
- ৪) কটন এগ্রোনমিস্ট, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, তুলা উন্নয়ন বোর্ড, শ্রীপুর, গাজীপুর।
- ৫) কটন এগ্রোনমিস্ট, কটন এগ্রোনমিস্ট এর দপ্তর, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, তুলা উন্নয়ন বোর্ড, জগদীশপুর, চৌগাছা, যশোর
- ৬) কটন এগ্রোনমিস্ট, কটন এগ্রোনমিস্ট এর দপ্তর, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, তুলা উন্নয়ন বোর্ড, সদরপুর, দিনাজপুর
- ৭) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তার এর দপ্তর, পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র, তুলা উন্নয়ন বোর্ড, বালাঘাটা, বান্দরবান

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৩.০১.০০৭.১৩-.২৪৮/১(৪)

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬
৩০ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কৃষি মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ৩) উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ৪) আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)



৩০-৯-২০১৯

মোঃ মাহমুদুল হাসান
তুলা উন্নয়ন কর্মকর্তা